



দি ইনস্টিটিউট অব ব্যাংকার্স, বাংলাদেশ (আইবিবি)

ডিআর টাওয়ার (১৩ তলা), ৬৫/২/২, বীর প্রতীক
গাজী গোলাম দস্তগীর সড়ক (বক্স কালভার্ট রোড), পুরানা পল্টন, ঢাকা-১০০

<https://online.ibb.org.bd>, ফোন # ৫৫১১২৮৫৭-৬০

প্রেস রিলিজ

ইনস্টিটিউটের ৫ম ব্যাংকিং প্রফেশনাল পরীক্ষা গত ১৯-০৪-২০২৫ তারিখে ঢাকা মহানগরীর কেন্দ্রসহ সকল বিভাগীয় শহরে সুষ্ঠু ও সু-শৃঙ্খল পরিবেশে সফলভাবে অনুষ্ঠিত হওয়ায় সকল ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী, কেন্দ্র চেয়ারম্যান, কেন্দ্র সচিব, কলেজ কর্তৃপক্ষ, প্রশাসন, পরীক্ষার্থীগণ এবং এ সংক্রান্ত কাজের সাথে সংশ্লিষ্ট সকলকে আইবিবির পক্ষ থেকে আন্তরিক ধন্যবাদ। উক্ত পরীক্ষায় ১১(এগারো) জন পরীক্ষার্থী নির্দেশনা অমান্য/অসদাচরণ/অসদুপায় অবলম্বনের দায়ে বহিষ্কৃত হয়েছেন। বহিষ্কৃত পরীক্ষার্থীদের বিগত ১২ ও ১৯ এপ্রিল ২০২৫ তারিখে অনুষ্ঠিত পরীক্ষার উত্তরপত্র বাতিলসহ আগামী ২৬ এপ্রিল ২০২৫ তারিখের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না। সকল পরীক্ষার্থীদের পরীক্ষা পরিপন্থী কাজ থেকে বিরত থাকার পরামর্শ দেয়া হলো। পরীক্ষা পরিপন্থী কাজে সম্পৃক্ততার কারণে পরীক্ষা কেন্দ্র কর্তৃক বহিষ্কৃত হলে তাঁদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে। আমরা আশাকরি সকলের সহযোগিতায় আগামী ২৬ এপ্রিল ২০২৫ তারিখের পরীক্ষাও সুষ্ঠু ও সু-শৃঙ্খল পরিবেশে সুন্দরভাবে অনুষ্ঠিত হবে।

মহাপরিচালক, আইবিবি